6

দৈনিক সংবাদ

তারিখ ... SEP 27 1999
পৃষ্ঠা ৬ ... কলাম ৪ ....

### ইসলামী বিশ্ববিদ্যালয়

## দ্বিতীয় সমাবর্তন ১৮ই নভেম্বর ॥ উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী

ইসলামী বিশ্ববিদ্যালয় থেকে সংবাদদাতা ঃ আগামী ১৮ই নভেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ের দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠিত হবে। ইসলামী বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর প্রধানমন্ত্রী শেখ হাসিনা এই সমাবর্তন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সনদ বিতরণ করবেন। ওই বিশ্ববিদ্যালয়ের যেসব ছাত্রছাত্রী ১৯৯১-৯২-৯৩ও ৯৪ সালের সম্মান ও মাস্টার্স পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন এবং ১৯৯৪ সালের ডিসেম্বর পর্যন্ত এম,ফিল এবং পিএইচডি ডিগ্রি অর্জন করেছেন, কেবল তারাই এই সমাবর্তন অনুষ্ঠানে অংশগ্রহণ করতে পারবেন।

উল্লেখ্য, ইসলামী বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন হয়েছিল ১৯৯৩ সালের ২৭শে এপ্রিল।